



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

আন্তর্জাতিক নারী দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে র্যালি



৮ মার্চ বিশ্ব নারী দিবস। এ উপলক্ষে আজ 'প্রেস ফর প্রোগ্রেস' স্লোগানকে সামনে রেখে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সমাজকর্ম সংঘের উদ্যোগে সচেতনামূলক র্যালি আয়োজন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর নেতৃত্বে র্যালিটি সামাজিক বিজ্ঞান চত্বর হতে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালি সমাজকর্ম বিভাগের শিক্ষকসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন। এসময় র্যালি অংশগ্রহণকারীরা সচেতনামূলক বিভিন্ন প্ল্যাকার্ড বহন করে।